# তৃতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন ২০২৫

## নবম শ্রেণি — বিষয় : বাংলা

**সময় : ৩ ঘণ্টা ১৫ মিনিট** **পূর্ণমান : ৯০**

---

### ১। ঠিক উত্তরটি নির্বাচন করো : ১×১৮ = ১৮

১.১ "গর্ত ছাড়ি ভুজঙ্গ ভাসিয়া বুলে জলে।"— এখানে 'বুলে' শব্দের অর্থ–

(ক) আসে (খ) চলে যায় (গ) ডোবে (ঘ) বেড়ায়

১.২ 'ধীবর-বৃত্তান্ত' নামক নাট্যাংশটি নেওয়া হয়েছে মহাকবি কালিদাসের যে রচনা থেকে–

(ক) রঘুবংশম (খ) কুমারসম্ভব (গ) অভিজ্ঞান শকুন্তলম (ঘ) মেঘদূতম

১.৩ ইলিয়াসের বড়ো ছেলে মারা গিয়েছিল–

(ক) দুর্ভিক্ষে (খ) মড়কে (গ) জ্বরে (ঘ) মারামারিতে

১.৪ "গাধা পিটিয়ে ঘোড়া করতে গেলে গাধাটাই পঞ্চত্ব পায়।" — এখানে 'পঞ্চত্ব' শব্দের অর্থ–

(ক) ক্ষতি (খ) হানি (গ) মৃত্যু (ঘ) সমস্যা

১.৫ প্রাচীন যুগের ভাষা নয়–

(ক) হিব্রু (খ) গ্রিক (গ) আবেস্তা (ঘ) এসপারেন্তো

১.৬ 'এ তটের কাছে' যা বাঁধা পড়ে আছে–

(ক) মুহূর্তগুলি (খ) বাণিজ্যতরী (গ) সোনারতরী (ঘ) ঢেউগুলি

১.৭ "কত ফুটে আর টুটে"— কিসের কথা বলা হয়েছে?

(ক) সোনার মুদ্রা (খ) সোনার পদক (গ) সোনার মুকুট (ঘ) সোনার কলম

১.৮ যে গাছের 'লাল ফলে'র কথা কবি বলেছেন–

(ক) হিজল (খ) তমাল (গ) অশ্বথ (ঘ) বট

১.৯ "কে এইখানে এসেছিল _______ বছর আগে।"–

(ক) কয়েক (খ) দু-এক (গ) শতেক (ঘ) অনেক

১.১০ "বাজা তোর প্রলয়-বিষাণ"—কে বাজাবে?

(ক) তরুণ ঈশানী (খ) পাগলা ভোলা (গ) তরুণ ঈশান (ঘ) ভগবান

১.১১ "স্টার্ডির একখানি চিঠি কাল পেয়েছি।"— মি. ই. টি. স্টার্ডি ভারতে থাকাকালীন তপস্যা করেন–

(ক) বেলুড়ে (খ) দক্ষিণেশ্বরে (গ) আলমোড়ায় (ঘ) লখনউতে

১.১২ "গঙ্গা যেথায় মুক্তি বিতরে রঙ্গে"— এই গঙ্গা হল–

(ক) যুক্তবেণীর (খ) মুক্তবেণীর (গ) ত্রিবেণীর (ঘ) পঞ্চবেণীর

HAZARNOTES.COM

১.১৩ আমাদের যে ছেলে লঙ্কা জয় করেছিলেন–

(ক) অজয় সিংহ (খ) বিজয় সিংহ (গ) সুজয় সিংহ (ঘ) জয়সিংহ

১.১৪ "এমন বিনি পয়সায় হোটেলখানা পাবে কোথায়?" —এখানে 'বিনি পয়সার হোটেল' হল–

(ক) ধর্মশালা (খ) লঙ্গরখানা (গ) নিজের বাড়ি (ঘ) অতি সস্তার হোটেল

১.১৫ স্বর্ণপর্ণী গাছড়ার সন্ধান দিয়েছিলেন–

(ক) বিরিঞ্চিবাবা (খ) টিকড়ীবাবা (গ) স্বরুবাবা (ঘ) সনাতন বাবা

১.১৬ নাতিনি > নাতনি— কোন্ ধরনের পরিবর্তন?

(ক) ধ্বন্যাগম (খ) স্বরভক্তি (গ) ধ্বনিলোপ (ঘ) ব্যঞ্জনসংগতি

১.১৭ 'ভবিতব্য' শব্দের বুৎপত্তি হল–

(ক) ভব + তব্য (খ) ভবি + তব্য (গ) ভব্ + তব্য (ঘ) ভূ + তব্য

১.১৮ সমষ্টিবাচক বিশেষ্য পদ কোনটি?

(ক) শিক্ষক (খ) দয়া (গ) রাগ (ঘ) জুতো

## ২। কমবেশি ১৫টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ১×১৮ = ১৮

২.১ 'উলটিয়া পড়ে শস্য'— শস্য কেন 'উলটিয়া পড়ে'?

২.২ ধীবর কোথা থেকে শকুন্তলার আংটি পেয়েছিল?

২.৩ 'অতিথিরা বিস্মিত।'— বিস্ময়ের কারণ কী?

২.৪ 'তা উনি পারতেন।'— 'উনি' কী পারতেন?

২.৫ 'নূতন আমদানিও বন্ধ করা যাবে না।'— কী আমদানি বন্ধ করা যাবে না?

২.৬ 'বাণিজ্য তরী' কোথায় বাঁধা পড়ে আছে?

২.৭ কবি কাকে শান্ত অনুগত বলেছেন?

২.৮ 'আবহমান' শব্দটির অর্থ কী?

২.৯ 'যত সব বন্দি শালায়'— এখানে কোন্ বন্দিশালার কথা বলা হয়েছে?

২.১০ 'তুমি ঠিক সেইরূপ নারী, যাকে আজ প্রয়োজন।'— কাকে উদ্দেশ্য করে স্বামী বিবেকানন্দ একথা বলেছেন?

২.১১ 'কিরণে ভুবন আলো'— কথাটির অর্থ কী?

২.১২ 'সকলের দৃষ্টিতে অবিশ্বাস'— অবিশ্বাসের কারণ কী ছিল?

২.১৩ 'সে নাই—চলিয়া গিয়াছে।'— কে চলে গেছে?

২.১৪ "আজ থেকে তোমার সঙ্গে আমার আর কোনো সংস্রব রইল না।"— কে একথা বলেছিলেন?

২.১৫ "এ ঋণ আমরা কোনোদিন শোধ করতে পারব না।"— কোন্ ঋণের কথা বক্তা উল্লেখ করেছেন?

২.১৬ স্বরভক্তির অপর নাম কী?

২.১৭ 'সু' উপসর্গটি দ্বারা নতুন শব্দ তৈরি করো।

HAZARNOTES.COM

২.১৮ ‘ভারতবর্ষ’ এটি কোন্ ধরনের বিশেষ্য?

### ৩। কমবেশি ২০ শব্দে নীচের যে কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৩×১ = ৩

৩.১ ‘এইটুকুই আমার নগদ লাভ।’— বক্ত কে? এই উক্তিতে 'নগদ লাভ' কথাটির তাৎপর্য কী?

৩.২ ‘এ অশান্তির চেয়ে বনবাস ভালো’— কে কখন এই সিদ্ধান্তে পৌঁছেছে?

### ৪। কমবেশি ৬০ শব্দে নীচের যে কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৩×১ = ৩

৪.১ ‘আছুক শস্যের কার্য হেয়্যা গেল ঘর।’— প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতিটি ব্যাখ্যা করো।

৪.২ "পৃথিবীতে কত দ্বন্দ্ব, কত সর্বনাশ"— একথা বলে কবি কী বোঝাতে চেয়েছেন?

### ৫। কমবেশি ৬০ শব্দে নীচের যে কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৩×১ = ৩

৫.১ "নোঙরের কাছি বাঁধা তবু এ নৌকা চিরকাল।" — নৌকা কেন চিরকাল নোঙরের কাছিতে বাঁধা?

৫.২ ‘পৃথিবীর কোন পথ এ কনারে দেখে নি কো’— কবির বক্তব্য বিশ্লেষণ করো।

### ৬। কমবেশি ৬০ শব্দে নীচের যে কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৩×১ = ৩

৬.১ ‘শকুন্তলা অপমানিতা হলেন রাজসভায়।’— শকুন্তলা কে? শকুন্তলার এই অপমানের কারণ কী ছিল? (১+২)

৬.২ ‘ইলিয়াসের বাড়ি থেকে তাদের তাড়িয়ে দেওয়া হলো।’— কাদের, কীভাবে তাড়িয়ে দেওয়া হল? (১+২)

### ৭। কমবেশি ৬০ শব্দে নীচের যে কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৩×১ = ৩

৭.১ 'সংস্কৃত ভাষা আত্মনির্ভরশীল'— সংস্কৃত ভাষা সম্পর্কে কেন একথা বলা হয়েছে?

৭.২ ‘তার সঙ্গে বনিয়ে চলা অসম্ভব।’— কার সঙ্গে কেন বনিয়ে চলা অসম্ভব?

### ৮। কমবেশি ১৫০ শব্দে নীচের যে কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৫×১ = ৫

৮.১ ‘চন্দ্রনাথ’ গল্প অবলম্বনে চন্দ্রনাথ চরিত্রের দৃঢ়তা কীভাবে প্রকাশিত হয়েছে, তা বর্ণনা করো।

৮.২ "অগত্যা রাধারানী কাঁদতে কাঁদতে ফিরিল।" — রাধারানী কে? সে কোথায় কী উদ্দেশে গিয়েছিল? সে কাঁদতে কাঁদতে ফিরল কেন?

### ৯। কমবেশি ১৫০ শব্দে নীচের যে কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৫×১ = ৫

৯.১ “নেভে না তার যন্ত্রণা যে / দুখে হয় না বাসি / হারায় না তার বাগান থেকে কুন্দ ফুলের হাসি”— প্রসঙ্গসহ দুঃখ বাসি হয় না কেন লেখো। কুন্দফুলের হাসি কেন হারায় না? (১+২+২)

৯.২ "আমরা বাঙালি বাস করি সেই বাঞ্ছিত ভূমি বঙ্গে"— কোন প্রসঙ্গে উক্তিটি করা হয়েছে? ‘বাঞ্ছিত ভূমি' বলতে কবি কী বুঝিয়েছেন? কবি কেন বঙ্গদেশকে বাঞ্ছিত ভূমি বলেছেন? (১+২+২)

### ১০। কমবেশি ১৫০ শব্দে নীচের যে কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৫×১ = ৫

১০.১ ‘এই খেয়া চিরদিন চলে নদীস্রোতে।’— ‘এই খেয়া' বলতে কবি কী বুঝিয়েছেন? উদ্ধৃতাংশটির তাৎপর্য আলোচনা করো। (১+৪)

১০.২ ‘ওরে ও পাগলা ভোলা’— কাদের কবি 'পাগলা ভোলা' বলেছেন? তাদের উদ্দেশ্যে কবির বার্তা কী? (২+৩)

### ১১। কমবেশি ১৫০ শব্দে নীচের যে কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৫×১ = ৫

১১.১ ‘যারা দরিদ্র, যারা নিরক্ষর, যারা মাথা উঁচু করে চলতে পারে না, তাদের কথা তুলিস না।’— উদ্ধৃতাংশটির বক্তা কে? 'স্বর্ণপর্ণী' গল্পটি পড়ে এই কথাগুলি যাঁর উদ্দেশ্যে বলা হয়েছে তিনি কী মনে রেখেছিলেন বলে মনে করো? (১+৪)

১১.২ 'স্বর্ণপর্ণী' আবিষ্কারের যে কাহিনী গল্পে রয়েছে, তা সংক্ষেপে নিজের ভাষায় লেখো। (৫)

### ১২। নীচের যে কোন একটি প্রশ্নের উত্তর দাও : ৪×১ = ৪

১২.১ সন্ধি কাকে বলে? বাংলা সন্ধি কয় প্রকার ও কী কী? প্রতিটির একটি করে উদাহরণ দাও। (১+১+২)

১২.২ প্রত্যয় কয় প্রকার ও কী কী? প্রতিটির একটি করে উদাহরণ দাও। (২+২)

### ১৩। নীচের যে কোন একটি ভাবসম্প্রসারণ করো : ৫×১ = ৫

১৩.১ “এ জগতে হায়, / সেই বেশি চায় আছে যার ভুরি ভুরি। / রাজায় হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।”

১৩.২ "যারা শুধু মরে কিন্তু / নাহি দেয় প্রাণ / কেহ কভু তাহাদের করেনি সম্মান।"

### ১৪। নীচের যে কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ১০×১ = ১০

১৪.১ দৈনন্দিন জীবনে বিজ্ঞান

১৪.২ বিজ্ঞান ও কুসংস্কার

১৪.৩ পরিবেশ দূষণ ও তার প্রতিকার

HAZARNOTES.COM